# স্নাতক হওয়ার পথে স্বাগতম
# ESL এবং দ্বিভাষী ছাত্রছাত্রীদের জন্য পরিচিতিকরণ

## পরিচিতিকরনের বিষয়গুলি


স্নাতক হওয়ার পথের বিষয়ে ....... 2

TASC™ এর ব্যাপারে ....... 3

স্নাতকের আবশ্যকতা: ....... 3


TASC™ এর পরে পড়াশোনার সুযোগ ....... 4

শিক্ষার সুবিধাগুলি: ....... 5

স্নাতক হওয়ার পথে ছাত্রদের পরিসেবা ....... 6

ব্যবহারিক প্রত্যাশা ....... 7

সাফল্যের একটি পথ তৈরি করুন! ....... 8

Pathways to Graduation
Preparing for high school equivalency and beyond

## স্নাতক হওয়ার পথের বিষয়ে

স্নাতক হওয়ার পথ (P2G) একটি মুক্ত সম্পূর্ণ সময় উচ্চ বিদ্যালয় সমতুল্য প্রোগ্রাম যা ছাত্রছাত্রীদের TASC™ **এর সমস্ত পাঁচটি বিভাগের জন্য তৈরি করেন**: পড়া, লেখা, অঙ্ক, বিজ্ঞান, এবং সামাজিক শিক্ষা। আমাদের সারা শহর জুড়ে অবস্থিতি আছে, এবং আমরা 18-21বছর বয়স্ক ছাত্রছাত্রীদের জন্য প্রোগ্রাম প্রদান করি যারা তাদের উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমার জন্য খাটছে।

P2G TASC™ এর সমস্ত পড়া এবং অঙ্ক স্তরের প্রস্তুতি প্রদান করে। আমরা প্রদান করি ESL এবং স্প্যানিশ দ্বিভাষী নির্দেশ, কলেজ এবং কেরিয়ার প্ল্যানিং, সম্ভাব্য ইন্টার্নশিপের সুযোগ, এবং ছাত্রছাত্রীদের মেট্রোকার্ড। বাছাই করা শহরে প্রাতরাশ এবং/অথবা দুপুরের খাবারও পাওয়া যায়।

TASC™ পরীক্ষা ইংরাজি এবং স্প্যানিশ ভাষায় নেওয়া হয়। নতুন ছাত্রছাত্রীরা শুধুমাত্র ইংরাজি ESL প্রোগ্রামে TASC™ এর জন্য প্রস্তুতি নিতে পারে। স্প্যানিশ বলা ছাত্রছাত্রীরা দ্বিভাষী প্রোগ্রাম মনোনীত করতে পারেন যাতে স্প্যানিশ এবং সাধারণ ESL নির্দেশ দ্বারা TASC™ প্রস্তুতি করা যেতে পারে।

নিয়োগের 10 দিনের মধ্যে ছাত্রছাত্রীরা যথাযথ প্রোগ্রামে স্থাপিত হবেন। এই স্থাপন সম্পূর্ণ স্কুল বছরের জন্য বৈধ হবে (সেপ্টেম্বর থেকে জুন) অথবা যতক্ষণ না ছাত্রছাত্রী হাইস্কুলের সমতুল্য ডিপ্লোমা পাচ্ছেন। সমস্ত ছাত্রছাত্রীদের তাদের স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সঙ্গে তাদের পৃথক পাঠ পরিকল্পনা করতে পারেন।

## TASC™ এর ব্যাপারে

নিউ ইয়র্ক রাজ্যে G.E.D TASC™ দ্বারা প্রতিস্থাপিত হয়ে গেছে, একটি হাই স্কুল সমতুল্য পরীক্ষা।

- TASC™ একটি হাই স্কুল সমতুল্য পরীক্ষা এটি পাস করার মানে আপনি নিউ ইয়র্ক রাজ্যে হাই স্কুল সমতুল্য ডিপ্লোমা অর্জন করবেন।
- পরীক্ষাটি ইংরাজি এবং স্প্যানিশে নেওয়া হয়, এবং 2 দিন ধরে 7 থেকে ৪ ঘন্টা সময়ের মধ্যে সম্পূর্ণ হয়।
- পরীক্ষাটি পাঁচটি বিষয়কে পরীক্ষা করে: পড়া, লেখা, সমাজ শিক্ষা, অঙ্ক, এবং বিজ্ঞান।
- TASC™ উচ্চ বিদ্যালয় সমতুল্য ডিপ্লোমা পাস করা আপনার বেশী মাইনের চাকরী পাওয়ার অথবা কলেজে আবেদন করার সুযোগ প্রশস্ত করতে পারে।
- আপনি বছরে 3 বার পর্যন্ত পরীক্ষা দিতে পারেন, কিন্তু আপনাকে পরীক্ষার দিনগুলির মধ্যে অবশ্যই 60 দিন অপেক্ষা করতে হবে।

## স্নাতকের আবশ্যকতা:

TASC™ এর জন্য আপনাকে পাঠানোর জন্য **আপনাকে অবশ্যই আগে**:

- 150 ঘন্টা সম্পূর্ণ করতে হবে (প্রায় 6 সপ্তাহ যদি আপনি রোজ স্কুলে যান) প্রস্তুতি পরীক্ষার (ORT) জন্য আপনি আবেদন করার আগে। যদি ইংরাজি আপনার প্রথম ভাষা না হয়, আপনাকে TASC™ ইংরাজিতে পাস করার জন্য ক্লাসে আরও বেশী ঘন্টা পড়াশোনা করতে হবে।

- আপনার কাউন্সেলরের সঙ্গে কাজ করুন নিম্নলিখিত পোর্টফলিও প্রয়োজনীয়তাগুলি সম্পূর্ণ করার জন্য।

    1. বায়ো ডাটা
    2. কভার লেটার
    3. ব্যক্তিগত বিবৃতি প্রবন্ধ
    4. পজিশন পেপার
    5. অনলাইন প্ল্যাটফর্মের দ্বারা পৃথক শিক্ষা পরিকল্পনা, *সাফল্যের পরিকল্পনা*।

    **নোট**: কিভাবে আপনার অ্যাকাউন্টে লগিন করবেন সে ব্যাপারে আপনার কাউন্সেলরের সঙ্গে যোগাযোগ করুন!

- TASC™ প্রস্তুতি পরীক্ষা পাস করুন।

- কিছু কিছু সাইটে ন্যুনতম ৪0% উপস্থিতির হার এবং ORT ও TASC™ পরীক্ষায় বসার জন্য শিক্ষকের সুপারিশ প্রয়োজন।

## TASC™ এর পরে পড়াশোনার সুযোগ

- **CUNY -** নিউ ইয়র্ক শহরের বিশ্ববিদ্যালয়
  - CUNY একটি সর্বজনীন বিশ্ববিদ্যালয়, যার মানে এটি সরকার দ্বারা তহবিলপ্রাপ্ত।
  - CUNY 2 বছরের সহযোগী ডিগ্রি এবং 4 বছরের স্নাতক ডিগ্রি প্রদান করে।
  - 2-বছর CUNY স্কুলের জন্য বাৎসরিক শিক্ষার মাইনে $4,500।
  - 4-বছরের CUNY স্কুলের জন্য বাৎসরিক শিক্ষার মাইনে $6,030।

- **SUNY** – নিউ ইয়র্ক রাজ্য বিশ্ববিদ্যালয়।
  - SUNY একটি সর্বজনীন বিশ্ববিদ্যালয়, যার মানে এটি সরকার দ্বারা তহবিলপ্রাপ্ত।
  - SUNY 2 বছরের সহযোগী ডিগ্রি এবং 4 বছরের স্নাতক ডিগ্রি প্রদান করে।
  - 2-বছর SUNY স্কুলের জন্য বাৎসরিক শিক্ষার মাইনে $17,940।
  - 4-বছরের SUNY স্কুলের জন্য বাৎসরিক শিক্ষার মাইনে $22,700।


- **বেসরকারি কলেজ**
  - এই কলেজগুলি, সর্বজনীন কলেজগুলির মত সরকার দ্বারা তহবিলপ্রাপ্ত **নয়**।
  - মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বত্র বেসরকারি বিশ্ববিদ্যালয় আছে।
  - সেগুলিতে প্রতি বছর গড়ে $20,000 - $50,000 খরচ পড়তে পারে।

**শিক্ষা এবং আর্থিক সাহায্যের ব্যাপারে নোট:** আপনার জন্য আর্থিক সাহায্য উপলব্ধ হতে পারে। আরও তথ্যের জন্য আপনার কলেজ এবং কেরিয়ার কোচের সঙ্গে যোগাযোগ করুন।

## শিক্ষার সুবিধাগুলি:

শুধুমাত্র TASC™ ডিপ্লোমা অথবা উচ্চ বিদ্যালয় ডিপ্লোমাধারী কারো তুলনায় একজন কলেজ স্নাতক সারাজীবনে গড়ে 1.4 মিলিয়ন উপার্জন করে। অধিক 1.4 মিলিয়নে আপনি কেমনভাবে আপনার জীবন যাপন করবেন?

### আনুমানিক বাৎসরিক রোজগার






আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: [http://pathtograd.org](http://pathtograd.org)

T&I-22555 (Bengali) ESL Orientation Spring 2015

## স্নাতক হওয়ার পথে ছাত্রদের পরিসেবা

**সমস্ত ছাত্রছাত্রীদের এমন মানুষের সঙ্গ উপলব্ধ আছে যারা ক্লাসরুমের বাইরে সাহায্য করতে পারে।**

- **স্কুল কাউন্সেলর** – একটি অধ্যয়ন পরিকল্পনার ব্যাপারে জিজ্ঞাসা করুন।
  পড়াশোনায় সাহায্য করার জন্য সমস্ত ছাত্রছাত্রীদের একজন প্রাথমিক কাউন্সেলর নির্দিষ্ট করা হবে। পরিষেবাগুলির অন্তর্গত হল শিক্ষা পরিকল্পনা, সেকেন্ডারি পরবর্তী পরিকল্পনা, এবং ব্যক্তিগত সামাজিক উন্নয়ন।

- **কলেজ এবং কেরিয়ার কোচেরা** – কলেজে প্রয়োগ করার ব্যাপারে অথবা কেরিয়ার অন্বেষণের ব্যাপারে জিজ্ঞাসা করুন!
  পাঁচটি বোরো জুড়ে, কলেজ এবং কেরিয়ার রিসোর্স কেন্দ্রের কর্মীরা ছাত্রছাত্রীদের জন্য বেশ কিছু ব্যপ্তির পরিসেবা প্রদান করে P2G এর পরে তাদের জীবন সমর্থন এবং পথ দেখানোর জন্য। পরিষেবাগুলিতে অন্তর্ভুক্ত:
    - কলেজগুলিকে অন্বেষণ করা এবং কলেজে আবেদনের ব্যাপারে ছাত্রছাত্রীদের সহায়তা করা।
    - কলেজের আর্থিক সহায়তা বিকল্পের ব্যাপারে বুঝতে ছাত্রছাত্রীদের সহায়তা করা এবং তাদের আর্থিক সহায়তা আবেদন সম্পূর্ণ করতে সহায়তা করা।
    - কলেজ ক্যাম্পাসের ট্যুর, জব শ্যাডো, কেরিয়ার এবং কলেজ ফেয়ার সংগঠিত করা।
    - কেরিয়ার অন্বেষণ এবং কাজের সন্ধানে সহায়তা করা।
    - বায়ো ডেটা এবং কভার লেটার তৈরিতে সহায়তা
    - ছাত্রছাত্রীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং সার্টিফিকেশন প্রোগ্রামে সংযুক্ত করা।
    - পিতামাতা এবং অভিভাবকদের কলেজ এবং কেরিয়ার প্রক্রিয়ার ব্যাপারে অবগত করা

- **কর্মী উন্নয়ন সমন্বয়কারী** – একটি ইন্টার্নশিপ পাওয়ার ব্যাপারে জিজ্ঞাসা করুন!
  কর্মী উন্নয়ন প্রোগ্রাম ছাত্রছাত্রীদের কর্মক্ষেত্রে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলিকে বিকশিত এবং জরদার করার জন্য একটি সুযোগ দেয়, বেতনভোগী ইন্টার্নশিপ অভিজ্ঞতা এবং পেশাদারী উন্নয়নের মাধ্যমে। এটি ছাত্রছাত্রী এবং কর্মকর্তাদের মধ্যে পরামর্শদাতার সম্পর্ক সৃষ্টি করার জন্যেও পরিকল্পিত – যা ছাত্রছাত্রীদের একটি পেশাদারী নেটওয়ার্ক গঠন করতে দেয়।

Pathways to Graduation
Preparing for high school equivalency and beyond

## ব্যবহারিক প্রত্যাশা

1. **ভালো উপস্থিতি বজায় রাখুন।**
    - আপনার সাপ্তাহিক কর্মসূচি আগাম পরিকল্পনা করুন।
    - **প্রতিদিন নির্দিষ্ট সময়ে স্কুলে আসা।**
    - প্রতিদিন স্কুলে যান এবং দুপুরের খাবারের পরে ক্লাসে ফেরত যান।
    - যদি আপনার চাকরী, স্বাস্থ্য, অথবা কোর্ট সংক্রান্ত ব্যাপারে কোন এপয়েন্টমেন্ট থাকে, আপনাকে অবশ্যই যাচাই চিঠি আনতে হবে এবং আপনার কাউন্সেলরের সঙ্গে কথা বলতে হবে।
    - যদি আপনি অসুস্থ হওয়ার কারণে একদিনের বেশী অনুপস্থিত থাকেন, আপনাকে অবশ্যই ডাক্তার অথবা আপনার পিতামাতার থেকে একটি নোট আনতে হবে।

2. **সবসময় সম্মান দিতে হবে।**
    - সমস্ত শিক্ষক, সহপাঠী, এবং স্কুলের কর্মীদের সম্মান দেখাতে হবে।
    - শিক্ষক অথবা সহপাঠীরা যখন কথা বলছে তখন মন দিয়ে শুনুন।
    - ছোট ছোট দলে অথবা অন্যান্য ছাত্রছাত্রীদের সঙ্গে কাজ করার জন্য ইচ্ছুক হয়ে আসুন।
    - মনোযোগ: নির্দেশের সময় নিজেকে অথবা অন্যান্যদের অমনোযোগী করবেন না।

3. **ক্লাসের সময় সেল ফোন অথবা অন্যান্য যন্ত্র ব্যবহার করবেন না।**
    - ক্লাসে কোন জোরে গান, খেলা, এসএমএস করা অথবা ফোন করা অনুমোদিত নয়।
    - জরুরী ফোন কল কাউন্সেলরের অফিস থেকে করা যেতে পারে।

4. **সাফল্যের জন্য পোশাক করুন।**
    - কোন টুপি অথবা হুড পরবেন না।
    - কোন ছোট স্কার্ট অথবা শর্ট অথবা নিচু কাটের টপ নয়।
    - প্যান্ট সম্পূর্ণ তুলে পরা উচিত যাতে কোন অন্তর্বাস না দেখা যায়।

**যে সমস্ত ছাত্রছাত্রীরা নিয়ম মানেন না তাদের জন্য পরিণাম থাকবে:** আপনি আপনার কাউন্সেলর, এপি, এবং/অথবা প্রিন্সিপালের সঙ্গে দেখা করবেন যার ফলে একটি সতর্কতা, পিতামাতা/অভিভাবককে একটি ফোন কল, অথবা স্কুলে কথোপকথন হতে পারে।

## সাফল্যের একটি পথ তৈরি করুন!

1. প্রতিদিন স্কুলে যান এবং সময়ে পৌঁছান।
2. আপনার শিক্ষার কাউন্সেলরের সঙ্গে শিক্ষার লক্ষ্য তৈরি করুন।
3. মনোযোগ দিন এবং প্রশ্ন করুন যখন আপনি বুঝতে পারছেন না।
4. ক্লাসের সময়ে নোট নিন এবং বাড়ির কাজ সম্পূর্ণ করুন।
5. পরীক্ষা দেওয়ার আগে ভালোভাবে খান এবং ঘুমান। মুখ গুঁজে একসাথে পড়বেন না!
6. ইংরাজি ব্যবহার করুন: বই, ম্যাগাজিন, খবরের কাগজ, এবং অনলাইন প্রবন্ধ ইংরাজিতে পড়ুন।
7. পেশাদারী দক্ষতা উন্নয়ন করুন – ইন্টার্নশিপের জন্য আবেদন করুন!
8. আপনার কলেজ এবং কেরিয়ার কোচের জন্য HSE এর পরের পরিকল্পনা করুন।
9. গড়িমসি করবেন না – আপনার সময় কার্যকরীভাবে পরিকল্পনা করুন।
10. নিজের উপর বিশ্বাস রাখুন – আপনি মন স্থির করলে যে কোন কিছু করতে পারেন!